

## শিক্ষায় বৈষম্য কমাতে চাই গ্রাম ও শহরে সমান সুবিধা

### ■ বিশেষ প্রতিনিধি

দেশের শিক্ষাক্ষেত্রের বিদ্যমান বৈষম্য কমিয়ে আনতে প্রযুক্তির ব্যবহারের যেমন প্রয়োজন রয়েছে তেমনই একইভাবে সবার জন্যে সমমানের শিক্ষা ব্যবস্থারও প্রচলন সরকার। শিক্ষা বৈষম্য কমিয়ে আনতে হলে শেখর-গ্রাম এবং প্রত্যন্ত অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে একই ধরনের সুযোগ-সুবিধা সৃষ্টি করতে হবে। রাজধানীতে গ্র্যাক, এটিএন-বাংলা ও ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত-বিতর্ক বিকাশ প্রতিযোগিতায় বিভাগীয় ফাইনাল অনুষ্ঠানে বক্তরা এসব কথা বলেন।

প্রতিযোগিতায় ঢাকা বনাম সিলেট এবং রংপুর বনাম খুলনা বিভাগীয় ফাইনাল পর্যায়ের কুশল অংশগ্রহণ করে। "যুক্তির আলোয় ঝুঁজি মানুষের মুক্তি" মোগানে বছরব্যাপী আয়োজিত এই প্রতিযোগিতায় দেশের ২৫৬০টি স্কুলের ১২ হাজার ৮ শ শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। এতে প্রধান অতিথি হিসেবে সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুর্তজা মনোয়ার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। প্রতিযোগিতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, সংগীত শিল্পী ফেরদৌস আরা, গ্র্যাক শিক্ষা কর্মসূচির প্রোগ্রাম ম্যানেজার মো: শহীদুল্লাহ মিয়া প্রমুখ।

প্রতিযোগিতায় থানা, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ধারাবাহিকভাবে বিজয়ী হয়ে আসা ৪টি স্কুলের শিক্ষার্থীদের মধ্যে বিভাগীয় ফাইনাল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ঢাকা বিভাগের কটিয়াদী পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় বনাম সিলেট বিভাগের চন্দ্রনাথ বালিকা উচ্চ বিদ্যালয় এবং রংপুর বিভাগের কালীগঞ্জ কে.ইউ.পি পাইলট উচ্চ বিদ্যালয় বনাম খুলনা বিভাগের শহীদ নায়ক আব্দুল জব্বার মাধ্যমিক বিদ্যালয় একে অপরের মুখোমুখি হয়।